

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ভ্যাট বিভাগ]

সাধারণ আদেশ নং-০৭/মুসক/২০২২, তারিখ: ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৯ বঙ্গাব্দ/ ০১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ চুক্তিভিত্তিক পণ্য উৎপাদন ও সরবরাহের ক্ষেত্রে পালনীয় পদ্ধতি ও প্রক্রিয়া সংক্রান্ত সাধারণ আদেশ নং-১৪/মুসক/২০২০, তারিখ: ২৪ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ এর সংশোধন।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ০৯ অগ্রহায়ন, ১৪২৭ বঙ্গাব্দ মোতাবেক ২৪ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ তারিখের সাধারণ আদেশ নং-১৪/মুসক/২০২০ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ১ এর দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“গ) পণ্যের স্বত্বাধিকারী আমদানিস্থল হইতে সরাসরি বা উৎপাদনস্থল হইতে চুক্তিভিত্তিক উৎপাদকের নিকট উপকরণ সরবরাহের সময় ফরম “মুসক-৬.৪” এ দুই (দুই) প্রস্থ চালানপত্র জারি করিয়া মূল চালানপত্রটি উপকরণ গ্রহণকারীকে প্রদান করিবে এবং অনুলিপি পণ্যের স্বত্বাধিকারী সংরক্ষণ করিবে;”।

০২। এই আদেশ ০৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(কাজী রেজাউল হাসান)

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)